50

দৈনিক সংবাদ

তারিখ 31 JAN 1996
পৃষ্ঠা ১২ কলাম ৪

# ভর্তি হতে না পেরে কারমাইকেল কলেজে ব্যাপক ভাঙচুর

## ❑ নম্বরের ভিত্তিতে ভর্তির নির্দেশ বাতিলের দাবি

রংপুর, ৩০শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।—কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজে এ বছর প্রথম বর্ষ অনার্স ও ডিগ্রি (পাস) শ্রেণীতে অনেক মেধাবী ছাত্রছাত্রী ভর্তি হতে না পারায় আজ কলেজ ক্যাম্পাসে বিক্ষুব্ধ ছাত্রছাত্রীরা ব্যাপক ভাঙচুর করে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে ক্যাম্পাসে পুলিশ তলব করা হয়েছে। স্টাফ কাউন্সিলের জরুরি সভায় অনার্স ও ডিগ্রি শ্রেণীতে ভর্তি সংক্রান্ত সকল কার্যক্রম আগামী ১০ দিনের জন্য স্থগিত ঘোষণা করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে দেশের অনার্স ও ডিগ্রি কলেজগুলোতে (সরকারি) নম্বরের ভিত্তিতে ভর্তি নেয়ার নির্দেশ দেয়া হয়। কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজের ১৪টি অনার্স ও ডিগ্রির তিনটি বিভাগে ভর্তির জন্য প্রায় ৪২ হাজার ছাত্রছাত্রী ভর্তি ফরম ক্রয় করে। তাদের আবেদনপত্র বাছাই করে আজ ভর্তির জন্য মনোনীত ছাত্রছাত্রীদের তালিকা প্রকাশ করা হয়। এতে দেখা যায়, শুধুমাত্র কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ সাড়ে চার শতাধিক ছাত্রছাত্রীর সকলেই ভর্তি সুযোগ থেকে বঞ্চিত হয়। যারা ভর্তির সুযোগ পেয়েছে তাদের অধিকাংশ মাদ্রাসা, থানা ও গ্রামের কলেজ থেকে পাস করেছে। এর ফলে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত বিক্ষুব্ধ ছাত্ররা।

আজ দুপুর ১১ টার দিকে শিক্ষা মন্ত্রণালয়ের এই সিদ্ধান্তের প্রতিবাদ জানিয়ে বিক্ষোভ মিছিলসহ কলেজ ক্যাম্পাসে ব্যাপক ভাঙচুর করে। তারা ভর্তির জন্য প্রতিযোগিতামূলক পরীক্ষাপদ্ধতি ফের চালু করার জন্য দাবি জানায়।